

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২৩-৯৫

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ


বিষয়: **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”-এর ২য় গ্রুপের (রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ) লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।**

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩” এর ২য় গ্রুপের (রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ) গত ২০ মার্চ ২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২৩-১০৫ নং স্মারকে জারীকৃত বিজ্ঞাপনের আলোকে ০২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ২২ জেলায় (রাজশাহী, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, জয়পুরহাট, সিরাজগঞ্জ, পাবনা, খুলনা, যশোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, মেহেরপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা) গৃহীত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সর্বমোট ২০,৬৪৭ (বিশ হাজার ছয়শত সাতচল্লিশ) জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে:

- ক. এ ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীগণ কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এ ফলাফল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩”-এর কোন শূন্য পদে নিয়োগের জন্য কোন নিশ্চয়তা প্রদান করে না।
- খ. প্রকাশিত ফলাফলের কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল/সংশোধন করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- গ. কোন প্রার্থী ইচ্ছাকৃত কোন ভুল তথ্য প্রদান করলে কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রতীয়মান/প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ঘোষিত ফলাফল বাতিল করতে পারবে।
- ঘ. প্রার্থীদের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর, মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও একাডেমিক সনদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণপূর্বক শূন্যপদের বিপরীতে নিয়োগের জন্য চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে।
- ঙ. মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরবর্তীতে যথাসময়ে প্রার্থীদের জানানো হবে।
- ২। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর ক্রমানুসারে ফলাফল এতদসঙ্গে প্রদত্ত হলো।

সংযুক্তি: মোট ১৫৮ পাতা।


(মনীষ চাকমা)

পরিচালক (যুগ্মসচিব)
পলিসি ও অপারেশন বিভাগ
ফোন-৫৫০৭৪৯১৮

ই-মেইল: dirpolicydpe@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ।
- ৪। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা(প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসক (সকল), রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ।
- ৬। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগ।